# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৮২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ চরিত্রের দিক দিয়ে সর্বোত্তম ব্যক্তি কিয়ামতের দিন মহান আল্লাহর সবচেয়ে প্রিয় ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সবচেয়ে নিকটবর্তী হবেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مِنْ أَحَبِّ الْعِبَادِ إِلَى اللَّهِ وَأَقْرَبِهِمْ مِنَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْقِيَامَةِ مَنْ كَانَ أحسنَ خُلُقاً

---

আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ دَاوُدَ بْنِ أَبِي هِنْدٍ عَنْ مَكْحُولٍ: عَنْ أَبِي ثَعْلَبَةَ الْخُشَنِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ أَحبَّكم إِلَى اللَّهِ وَأَقْرَبَكُمْ مِنِّي أَحَاسِنُكُمْ أَخْلَاقًا وَإِنَّ أَبْغَضَكُمْ إِلَى اللَّهِ وَأَبْعَدَكُمْ مِنِّي الثَّرْثَارُونَ الْمُتفيهِقُون الْمتشدِّقون.)
الراوي : أَبو ثَعْلَبَةَ الْخُشَنِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 482 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪৮২. আবু সা‘লাবা আল খুশানী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “আল্লাহর নিকট তোমাদের মধ্যে সবচেয়ে প্রিয় এবং আমার সবচেয়ে নিকট ঐ ব্যক্তি, যে ব্যক্তি তোমাদের মধ্যে উত্তম চরিত্রের অধিকারী। আর আল্লাহর নিকট তোমাদের মধ্যে সবচেয়ে ঘৃণিত এবং আমার থেকে সবচেয়ে দূরবর্তী ঐ ব্যক্তি, যে দীর্ঘ সময় ধরে বড় বড় কথা বকবক করে বকতেই থাকে।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫১৫; মুসনাদ আহমাদ: ৪/১৯৩; আবু নু‘আইম, হিলইয়াতুল আওলিয়া: ৩/৯৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৩৯৫; মাজমা‘উয যাওয়াইদ: ৮/২১; তিরমিযী: ২০১৮; তাবারানী আল কাবীর: ১০৪২৩।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৭৯১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা‘লাবাহ্ আল খুশানী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88946

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন